

পূর্ণিমা

হরি, প্রেম-গগনে চির-রাকা।
চির-প্রসন্ন কি মাধুরী-মাথা।

সুপ্ত জগতে, চির-জাগ্রত প্রহরী,
বরষিছ চির-করুণামৃত-লহরী;-
(মম) অন্ধ আঁখি, মোহে ঢাকা!
সাধু ভকত জন পিয়ে মকরন্দ,
এ হরি, মম মন-গতি অতি মন্দ;
উড়ে যেতে নাইক পাখা!